৩য় পরিচ্ছেদ

কুরআন মাজিদ পরিচিতি

এই পাঠে আমরা কুরআন মাজিদ সম্পর্কে জানব। কুরআন মাজিদ আল্লাহ তাআলার সর্বশেষ আসমানি কিতাব। এটি সর্বশেষ নবি ও রাসুল হজরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর নাজিল হয়েছে। প্রসিদ্ধ ফেরেশতা হজরত জিবরাইল আলাইহিস সালাম এর মাধ্যমে আরবি ভাষায় এটি নাজিল হয়।

কুরআন মাজিদ ৩০টি পারাতে বিভক্ত। এতে মোট ১১৪টি সুরা এবং ৬২৩৬টি আয়াত রয়েছে। নাজিলের সময়ের উপর ভিত্তি করে এই সুরাগুলোকে দু'ভাগে ভাগ করা হয়। যেগুলো হিজরতের পূর্বে অবতীর্ণ হয়েছিল সেগুলোকে বলা হয় মক্কি সুরা আর যেগুলো হিজরতের পরে অবতীর্ণ হয়েছিল সেগুলোকে বলা হয় মাদানি সুরা। মক্কি সুরা ৮৬টি আর মাদানি সুরার সংখ্যা হলো ২৮টি।

পবিত্র কুরআনের প্রথম সুরার নাম সুরা ফাতিহা ও শেষ সুরাটির নাম সুরা নাস। সুরা বাকারাহ হলো সবচেয়ে বড় সুরা এবং সুরা কাওছার হলো সবচেয়ে ছোট সুরা। কুরআন মাজিদের সবচেয়ে বেশি ফজিলতপূর্ণ আয়াতের নাম আয়াতুল কুরসি।

অনুশীলনী

১। এক কথায় উত্তর দাও।

ক. কুরআন মাজিদ কার কিতাব?

খ. কুরআন মাজিদ কোন ভাষায় নাজিল হয়েছে?

গ. কার মাধ্যমে কুরআন নাজিল হয়?

ঘ. মক্কি সুরার সংখ্যা কয়টি?

ঙ. কুরআন মাজিদের সবচেয়ে বড় সুরা কোনটি?

২। শূন্যস্থান পূরণ কর।

ক. কুরআন মাজিদের মোট সুরার সংখ্যা.....টি।

খ. কুরআন মাজিদের মোট আয়াত সংখ্যা .....টি।

গ. ..... সবচেয়ে ছোট সুরা।

ঘ. ..... হলো সবচেয়ে বেশি ফজিলতপূর্ণ আয়াত।

ঙ. কুরআন মাজিদের শেষ সুরাটির নাম.....।

৩। সঠিক উত্তরে টিক চিহ্ন দাও।

১. কুরআন মাজিদের প্রথম সুরা-

ক. সুরা বাকারা খ. সুরা ফাতেহা

গ. সুরা ফালাক ঘ. সুরা নাস

২. মাদানি সুরার সংখ্যা-

ক. ১১৪ টি খ. ৮৬ টি

গ. ৩০ টি ঘ. ২৮ টি

৩. কুরআন মাজিদকে কয়টি পারায় ভাগ করা হয়েছে?

ক. ২৮ টি খ. ৩০ টি

গ. ৪০টি ঘ. ৬০টি

৪. কুরআন মাজিদ কার উপর নাজিল হয়েছে?

ক. হজরত জিবরাইল (عليه السلام) খ. হজরত মুহাম্মাদ (ﷺ)

গ. হজরত আজরাইল (عليه السلام) ঘ. হজরত আদম (عليه السلام)

২য় অধ্যায়

হিফজ ও লেখা

শিক্ষক নির্দেশিকা ঃ

শিক্ষক মহোদয় প্রতিদিন অল্প অল্প করে শুদ্ধ উচ্চারণসহ শিক্ষার্থীদের সুরাগুলো মুখস্থ করাবেন। প্রতিদিন পাঠ শোনার মাধ্যমে শিক্ষার্থীদের পাঠ মুখস্থ করার ব্যাপারে আগ্রহী করে তুলবেন। একটি সুরা শেষ হলে সেটিকে পূর্ণাঙ্গভাবে সকলের কাছ থেকে শোনা নিশ্চিত করবেন। প্রতিদিন একটি করে আয়াত বোর্ডে লিখে শিক্ষার্থীদের তা অনুসরণ করে লিখতে বলবেন এবং বাড়ি থেকে আয়াতটি কয়েকবার লিখে আনতে বলবেন। এভাবে সুরাটি শেষ হলে পূর্ণাঙ্গ সুরা একবারে লিখতে বলবেন।

১ম পাঠ

সুরাতুল ফাতিহা (১) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -৭

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ [لا] (١) الرَّحْمٰنِ الرَّحِيْمِ [لا] (٢) مٰلِكِ

يَوْمِ الدِّيْنِ [ط] (٣) اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ [لا] (٤) اِهْدِنَا

الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ [لا] (٥) صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ [٢/٨]

(٦) غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ [ع] (٧)

২য় পাঠ

সুরাতুল ফিল (১০৫) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ [لا] (١) اَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِيْ تَضْلِيْلٍ [لا] (٢) وَّاَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا اَبَابِيْلَ [لا] (٣) تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ [ص/] (٤) فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّاْكُوْلٍ [ع] (٥)

৩য় পাঠ

সুরাতু কুরাইশ (১০৬) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৪

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

لِاِيْلٰفِ قُرَيْشٍ [لا] (١) اٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَآءِ وَالصَّيْفِ [ج] (٢) فَلْيَعْبُدُوْا رَبَّ هٰذَا الْبَيْتِ [لا] (٣) الَّذِيْٓ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ [ط/] وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ [ع] (٤)

৪র্থ পাঠ

সুরাতুল মাউন (১০৭) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৭

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَرَءَيْتَ الَّذِىْ يُكَذِّبُ بِالدِّيْنِ [ط] (١) فَذٰلِكَ الَّذِىْ يَدُعُّ الْيَتِيْمَ

[لا] (٢) وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ [ط] (٣) فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ

[لا] (٤) الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ [لا] (٥) الَّذِيْنَ هُمْ

يُرَآءُوْنَ [لا] (٦) وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ [ع] (٧)

৫ম পাঠ

সুরাতুল কাওছার (১০৮) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ [ط] (١) فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ [ط] (٢) اِنَّ

شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ [ع] (٣)

৬ষ্ঠ পাঠ

সুরাতুল কাফিরুন (১০৯) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ يٰٓاَيُّهَا الْكٰفِرُوْنَ [لا] (١) لَآ اَعْبُدُ مَا تَعْبُدُوْنَ [لا] (٢) وَلَآ
اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ [ج] (٣) وَلَآ اَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ
[لا] (٤) وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ [ط] (٥) لَكُمْ
دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ [ع] (٦)

৭ম পাঠ

সুরাতুন নাস্‌র (১১০) (মদিনায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ [لا] (١) وَرَاَيْتَ النَّاسَ
يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا [لا] (٢) فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ
وَاسْتَغْفِرْهُ [ط/ج] اِنَّهٗ كَانَ تَوَّابًا [ع] (٣)

৮ম পাঠ

সুরাতুল লাহাব (১১১) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

تَبَّتْ يَدَآ اَبِيْ لَهَبٍ وَّ تَبَّ [ط] (١) مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ

[ط] (٢) سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ [ج] (٣) وَّامْرَاَتُهٗ [ط]

حَمَّالَةَ الْحَطَبِ [ج] (٤) فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ

[ع] (٥)

৯ম পাঠ

সুরাতুল ইখলাস (১১২) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৪

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ [ج] (١) اَللّٰهُ الصَّمَدُ [ج] (٢) لَمْ يَلِدْ [ه] وَلَمْ

يُوْلَدْ [لا] (٣) وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ [ع] (٤)

১০ম পাঠ

সুরাতুল ফালাক (১১৩) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ[لا](١) مِنْ شَرِّ مَا خَلَقَ[لا](٢) وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ[لا](٣) وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ [لا](٤) وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ[ع](٥)

১১শ পাঠ

সুরাতুন নাস (১১৪) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ[لا] (١) مَلِكِ النَّاسِ[لا] (٢) اِلٰهِ النَّاسِ[لا](٣) مِنْ شَرِّ الْوَسْوَاسِ [ه/ٓ] الْخَنَّاسِ[ص/ٓ] (٤) الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ[لا](٥) مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ[ع](٦)

অনুশীলনী

১। সুরাতুল ফাতিহা মুখস্থ লেখ।
২। সুরাতুল ফিল মুখস্থ লেখ।
৩। সুরাতুল কুরাইশ মুখস্থ লেখ।
৪। সুরাতুল মাউন মুখস্থ লেখ।
৫। সুরাতুল কাওছার মুখস্থ লেখ।
৬। সুরাতুল কাফিরুন মুখস্থ লেখ।
৭। সুরাতুন নাস্‌র মুখস্থ লেখ।
৮। সুরাতুল লাহাব মুখস্থ লেখ।
৯। সুরাতুল এখলাস মুখস্থ লেখ।
১০। সুরাতুল ফালাক মুখস্থ লেখ।
১১। সুরাতুন নাস মুখস্থ লেখ
১২। নিচের আয়াতগুলোতে হরকত দাও:

الف) اهدنا الصراط المستقيم ○ صراط الذين انعمت
عليهم غير المغضوب عليهم ولا الضالين ○

ب) الم تر كيف فعل ربك باصحب الفيل ○ الم يجعل
كيدهم فى تضليل ○ وارسل عليهم طيرا ابابيل ○

ج) ولا يحض على طعام المسكين ○ فويل للمصلين ○ الذين
هم عن صلاتهم ساهون ○ الذين هم يراءون ○

১৩। শূন্যস্থান পূরণ কর:

الف) اِيَّاكَ ـــــــــ وَاِيَّاكَ ـــــــــ.

ب) وَمِنْ شَرِّ ـــــــــ اِذَا وَقَبَ .

ج) ـــــــــ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ .

د) اَلَّذِىْ ـــــــــ مِنْ جُوْعٍ .

ه) وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ ـــــــــ .

و) اِنَّ ـــــــــ هُوَ الْاَبْتَرُ .

ز) وَلَآ اَنْتُمْ ـــــــــ مَآ اَعْبُدُ .

ح) ـــــــــ بِحَمْدِ رَبِّكَ ـــــــــ.

ط) ـــــــــ نَارًا ذَاتَ لَهَبٍ.

ي) اَلَّذِىْ ـــــــــ فِىْ صُدُوْرِ النَّاسِ.

৩য় অধ্যায়

তাজভিদ

১ম পাঠ

মাখরাজ

শিক্ষক নির্দেশিকা ঃ

ইলমে তাজভিদ পাঠদান করার সময় শিক্ষক মহোদয় তাজভিদের কায়েদাগুলো পড়ানোর পাশাপাশি শিক্ষার্থীরা এসব কায়েদা প্রয়োগ করে সহিহ উচ্চারণ করতে পারে কিনা সেদিকে লক্ষ্য রাখবেন। বোর্ডে বেশি বেশি উদাহরণ দিয়ে প্রতিটি কায়দা চর্চা করাবেন।

মাখরাজ (مَخْرَجٌ) শব্দটি আরবি। এর অর্থ বের হওয়ার স্থান। আরবি অক্ষর বের হওয়ার স্থানকে মাখরাজ বলে। আরবি হরফ ২৯টি। মাখরাজ ১৭টি। পবিত্র কুরআন মাজিদ শুদ্ধভাবে পড়তে হলে এ মাখরাজগুলো সম্পর্কে ভালভাবে জানতে হবে।

১. নম্বর মাখরাজ : হলকের শুরু হতে ء—ه উচ্চারিত হয়। যেমন: هَا أَ

২. নম্বর মাখরাজ : হলকের মধ্যভাগ হতে ح—ع উচ্চারিত হয়।
যেমন: حَا عَا

৩. নম্বর মাখরাজ : হলকের শেষভাগ হতে غ—خ উচ্চারিত হয়।
যেমন: غَا خَا

৪. নম্বর মাখরাজ : জিহ্বার গোড়া তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে ق উচ্চারিত হয়। যেমন: قَا

৫. নম্বর মাখরাজ : জিহ্বার গোড়া হতে একটু আগের স্থান তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে ك উচ্চারিত হয়। যেমন: كَا

৬. নম্বর মাখরাজ : জিহ্বার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে ج ـ ش ـ ى উচ্চারিত হয়। যেমন: اَجْ ـ اَشْ ـ أَيْ

৭. নম্বর মাখরাজ: জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোড়ার সাথে লাগিয়ে ض উচ্চারিত হয়। যেমন: اَضْ

৮. নম্বর মাখরাজ: জিহ্বার আগার কিনারা সামনের উপরের দাঁতের গোড়ার সাথে লাগিয়ে ل উচ্চারিত হয়। যেমন: اَلْ

৯. নম্বর মাখরাজ: জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে ن উচ্চারিত হয়। যেমন: اَنْ

১০. নম্বর মাখরাজ: জিহ্বার মাথার উল্টো দিক তার বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে ر উচ্চারিত হয়। যেমন: اَرْ

১১. নম্বর মাখরাজ: জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লাগিয়ে ت د ط উচ্চারিত হয়। যেমন: اَتْ ـ اَدْ ـ اَطْ

১২. নম্বর মাখরাজ: জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের আগার সাথে লাগিয়ে ص ـ ز ـ س উচ্চারিত হয়। যেমন: اَصْ ـ اَزْ ـ اَسْ

১৩. নম্বর মাখরাজ: জিহ্বার আগা সামনের উপরের দাঁতের আগার সাথে লাগিয়ে ث ـ ذ ـ ظ উচ্চারিত হয়। যেমন: اَثْ ـ اَذْ ـ اَظْ

১৪. নম্বর মাখরাজ: নিচের ঠোঁটের পেট সামনের উপরের দুই দাঁতের মাথার সাথে লাগিয়ে ف উচ্চারিত হয়। যেমন: اَفْ

১৫. নম্বর মাখরাজ: দুই ঠোঁটের মাঝখান হতে و ـ ب ـ م উচ্চারিত হয়। যেমন: اَوْ ـ اَبْ ـ اَمْ

১৬. নম্বর মাখরাজ: মুখের খালি জায়গা হতে মাদ্দের হরফ (ا ـ و ـ ي) উচ্চারিত হয়। যেমন: بَا ـ بُوْ ـ بِيْ

১৭. নম্বর মাখরাজ: নাকের বাঁশি হতে গুন্নাহ উচ্চারিত হয়। যেমন: لَمَّا ـ مِمَّا ـ اِنِّ

অনুশীলনী

১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

(ক) মাখরাজ শব্দটি কোন ভাষার ? এর অর্থ কী ?

(খ) মাখরাজ কাকে বলে ?

(গ) মাখরাজের সংখ্যা কতটি ?

(ঘ) হলক হতে উচ্চারিত হরফ কতটি ও কী কী ?

(ঙ) গুন্নাহ কোন স্থান হতে উচ্চারিত হয় ?

২. নিচের হরফগুলোর মাখরাজ বল :

ك	ب-م-و	ظ	ص-س-ز	ض	ط-د-ت	ق	ء-ه

৩. সঠিক উত্তরটি খাতায় লেখ:

(ক) মাখরাজ শব্দটি কোন ভাষার ? বাংলা/আরবি/ইংরেজি

(খ) মাখরাজ অর্থ কী? বের হওয়ার স্থান / উচ্চারণ পদ্ধতি/ সুন্দর করা।

(গ) মাখরাজ মোট কতটি? ১৩ / ১৫ /১৭

(ঙ) কোনটি হলকের মাঝখান হতে উচ্চারিত হয় ?

ء-ه/غ-خ/ع-ح

(চ) দুই ঠোঁটের মাঝখান হতে উচ্চারিত হয় কোন হরফগুলো ?

و-ب-م/ى-ش-ج/ط-د-ت

(ছ) কোনটি জিহবার আগা উপরের তালুর সাথে লাগিয়ে উচ্চারিত হয়-

ن/ك/ل

(জ) গুন্নাহ উচ্চারিত হয় –

হালকের শুরু হতে / জিহবার আগা হতে /নাকের বাঁশি হতে।

৪. শূন্যস্থান পূরণ কর :

(ক) মাখরাজ অর্থ ...।

(খ) হরফ ... স্থানকে মাখরাজ বলে।

(গ) আরবি হরফের মোট ... টি মাখরাজ আছে।

ঘ) দুই ঠোঁটের ... হতে উচ্চারিত হয় و-ب-م

(ঙ) জিহবার মাঝখান উপরের তালুর সাথে লাগিয়ে উচ্চারিত হয় ... .।

(চ) নিচের ... পেট সামনের উপরের দুই দাঁতের আগার সাথে লাগিয়ে ف উচ্চারিত হয়।

(ছ) জিহবার আগার উল্টাপিঠ উপরের তালুর সাথে লাগিয়ে উচ্চারিত হয় ...।

৬. বাম পাশের অংশের সাথে ডান পাশের অংশ মিলাও:

হলকের মধ্যখান হতে	ق
জিহবার গোড়া উপরের তালুর সাথে লাগিয়ে	ص-ز-س
জিহবার গোড়া হতে একটু আগের স্থান বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে	ف
জিহবার আগা সামনের নিচের দুই দাঁতের আগার সাথে লাগিয়ে	ك
নিচের ঠোঁটের পেট সামনের উপরের দুই দাঁতের আগার সাথে লাগিয়ে	ع-ح

২য় পাঠ

মাদ্দ

শিক্ষক নির্দেশিকা :
শিক্ষক মহোদয় বোর্ডের মাধ্যমে শিক্ষার্থীদের উদাহরণসহ মাদ্দের পরিচয় ও মাদ্দের বিভিন্ন প্রকার ভালোভাবে বুঝিয়ে দিবেন।

মাদ্দের পরিচয়

মাদ্দ (مد) শব্দটি আরবি। এর অর্থ টেনে পড়া। মাদ্দের হরফ তিনটি।

যথা : ا – و – ي

যবরের বাম পাশে খালি আলিফ (ـَا), যেরের বাম পাশে জযমযুক্ত ইয়া (ـِيْ) এবং পেশের বাম পাশে জযমযুক্ত ওয়াও (ـُوْ)।

এরূপ হলে এক আলিফ পরিমাণ টেনে পড়তে হয়।

যেমন: قَالَ ـ قِيْلَ ـ قُوْلُوْا

মাদ্দ সর্বমোট ১০ প্রকার। আমরা প্রধান কয়েকটি মাদ্দের পরিচয় শিখব।

১. مَدّ طَبَعِيّ (মাদ্দে তবায়ি):

মাদ্দের হরফের ডানের হরফের হরকতকে এক আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। একে মাদ্দে তবায়ি বলে। যেমন-

نُوْحِيْهَا ـ يَقُوْلُ ـ يَزِيْدُ ـ يَنَامُ

কোনো হরফে খাড়া যবর, খাড়া যের বা উল্টা পেশ হলেও এক আলিফ টেনে পড়তে হয়। এটাও মাদ্দে তবায়ি। যেমন:

لَهٗ ـ بِهٖ ـ اِلٰهٌ

২. مَدّ عَارِضِيّ (মাদ্দে আরেজি):

মাদ্দের হরফের বামের হরফে ওয়াক্‌ফ করা হলে তাকে মাদ্দে আরেযি বলে। একে তিন আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। যেমন :

رَبِّ الْعٰلَمِيْنَ ○ وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ ○ مَلِكِ النَّاسِ ○

৩. مَدّ مُنْفَصِل (মাদ্দে মুনফাসিল):

মাদ্দের হরফের পরে ভিন্ন শব্দের শুরুতে হামজা আসলে তাকে মাদ্দে মুনফাসিল বলে। একেও তিন আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। যেমন :

وَمَآ اُنْزِلَ ۔ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ۔ قَالُوْٓا اٰمَنَّا

৪. مَدّ مُتَّصِل (মাদ্দে মুত্তাছিল):

মাদ্দের হরফের পরে একই শব্দের মধ্যে হামজা (ء) আসলে তাকে মাদ্দে মুত্তাসিল বলে। একেও চার আলিফ টেনে পড়তে হয়। যেমন:

جَآءَ ۔ جِيْٓءَ ۔ سُوْٓءَ

অনুশীলনী

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

(ক) মাদ্দ শব্দটির অর্থ কী ?

(খ) মাদ্দ কাকে বলে ? উদাহরণ দাও।

(গ) মাদ্দে তবায়ি কাকে বলে ? উদাহরণসহ লিখ।

(ঘ) মাদ্দে মুত্তাসিল কাকে বলে ?

(ঙ) মাদ্দ কত প্রকার ? প্রধান কয়েকটি মাদ্দের নাম লিখ।

(চ) মাদ্দে মুনফাসিল কাকে বলে ?

২। নিচের শব্দগুলো কোন প্রকারের মাদ্দের উদাহরণ ? তা উল্লেখ কর।

صِرَاطَ ـ قِيْلَ ـ ذُوْ مِرَّةٍ ـ سِيْقَ ـ اَتَاكَ ـ اَلْغَاشِيَةُ ـ وُجُوْهٌ ـ فِيْهَا ـ مِنْ جُوْعٍ ـ تُحِبُّوْنَ ـ يُؤْتِيْ ـ مَأْوٰى ـ بِهٖ ـ مَالَهٗ ـ وَادْخُلِيْ جَنَّتِيْ ـ اِنِّيْ ـ قَالُوْٓا اٰمَنَّا ـ جَآءَ ـ رَبِّ الْعٰلَمِيْنَ ○

৩। শূন্যস্থান পূরণ কর :

(ক) মাদ্দ এর অর্থ ... ।

(খ) ... মোট ১০ প্রকার।

(গ) মাদ্দের হরফের পরে একই শব্দের মধ্যে ... আসলে তাকে মাদ্দে মুত্তাসিল বলে।

(ঘ) মাদ্দের হরফের পরে পরবর্তী শব্দের শুরুতে ' أ ' আসলে তাকে মাদ্দে ... বলে।

(ঙ) (~) চিহ্ন মাদ্দে ... এর চিহ্ন।

৪। সঠিক উত্তরটি লেখ:

ক) মাদ্দ শব্দের অর্থ কী ?
উঁচু স্বরে পড়া / দ্রুত পড়া /টেনে পড়া।

খ) মাদ্দ মোট কত প্রকার ?
৭ / ৮ /১০

গ) মাদ্দে তবায়ি কত আলিফ টেনে পড়তে হয় ?
১ /২ / ৩

ঘ) মাদ্দের হরফের পরে একই শব্দে 'ء' আসলে তাকে কোন মাদ্দ বলে ?

তবায়ি/ মুত্তাসিল /মুনফাসিল

ঙ) কোনটি মাদ্দে মুনফাসিলের উদাহরণ ?

كَفَرُوْا/لَآ اُقْسِمُ/ اُولٰٓئِكَ

চ) কেবল ওয়াক্‌ফের সময় কোন মাদ্দটি হয় ?

তবায়ি / মুত্তাসিল/ আরেযি।

ছ) يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ এর মাঝে ৩ টি মাদ্দ কী কী?

তবায়ি, মুত্তাসিল ও আরেযি / মুনফাসিল, মুত্তাসিল ও তবায়ি /মুত্তাসিল, আরেযি ও তবায়ি

৫. বাম পাশের অংশের সাথে ডান পাশের অংশ মিলাও:

মাদ্দের নাম	উদাহরণ
মাদ্দে তবায়ি	بَنِيْٓ اٰدَمَ
মাদ্দে মুত্তাসিল	تَعْلَمُوْنَ ○
মাদ্দে মুনফাসিল	اَعُوْذُ
মাদ্দে আরেযি	غُثَآءً

তৃতীয় পাঠ

নুন সাকিন ও তানভিন

শিক্ষক নির্দেশিকা ঃ

শিক্ষক মহোদয় বোর্ড ব্যবহার করে উদাহরণসহ নুন সাকিন ও তানভিনের পরিচয় ও প্রকার শিক্ষার্থীদেরকে ভালোভাবে বুঝিয়ে দিবেন এবং নুন সাকিন ও তানভিনের কিছু উদাহরণ বাড়ি থেকে লিখে আনতে বলবেন।

সুকুনযুক্ত নুন (نْ) কে নুন সাকিন বলে। দুই যবর (ـً), দুই যের (ـٍ) ও দুই পেশ (ـٌ) কে তানভিন বলে।

নুন সাকিন ও তানভিন পড়ার নিয়ম চার প্রকার। যথা :

১. ইকলাব (إِقْلَاب)

২. ইদগাম (إِدْغَام)

৩. ইজহার (إِظْهَار)

৪. ইখ্‌ফা (إِخْفَاء)

১. إِقْلَابْ (ইকলাব) :

ইকলাব অর্থ পরিবর্তন। ইকলাবের হরফ একটি। যথা : ب

নুন সাকিন ও তানভিনের পরে ب হরফ আসলে উক্ত নুন সাকিন ও তানভিনকে 'م' দ্বারা পরিবর্তন করে পড়তে হয়। এরূপ পরিবর্তন করে পড়াকে ইকলাব বলে। যেমন :

مِنْ بَأْسٍ - مِنْ بَعْدِ - سَمِيْعٌ بَصِيْرٌ

২. اِدْغَامْ (ইদগাম) :

ইদগাম অর্থ মিলানো। ইদগামের হরফ ছয়টি। যথা :ى-ر-م-ل-و-ن

একসাথে বলা হয় يَرْمَلُوْنَ

ইদগাম দুই প্রকার :

১। ইদগাম মাআল গুন্নাহ (গুন্নাহসহ ইদগাম)

২। ইদগাম বিলা গুন্নাহ (গুন্নাহছাড়া ইদগাম)

১। ইদগাম মাআল গুন্নাহ বা গুন্নাহসহ ইদগামের হরফ ৪ টি :ي-م-ن-و

নুন সাকিন বা তানভিনের পরে এ চারটি হরফের কোন একটি আসলে গুন্নাহসহ পড়তে হয়। একে ইদগাম মাআল গুন্নাহ বলে। যথা :

مَنْ يَّفْعَلُ	قَوْمٌ يَّعْقِلُوْنَ
مِنْ مِّثْلِهٖ	قَوْمٌ مُّسْرِفُوْنَ
مِنْ وَّالٍ	ظُلُمٰتٌ وَّرَعْدٌ
لَنْ تُؤْمِنَ	سُلْطَانًا نَّصِيْرًا

২। ইদগাম বিলা গুন্নাহ বা গুন্নাহ ছাড়া ইদগামের হরফ ২টি। যথা: ر-ل

নুন সাকিন বা তানভিনের পরে ر অথবা ل আসলে গুন্নাহ ছাড়া পড়তে হয়। একে ইদগাম বিলা গুন্নাহ বলে। যথা :

مِنْ رَّحْمَةٍ	غَفُوْرٌ رَّحِيْمٌ
وَلٰكِنْ لَّا تَشْعُرُوْنَ	اَشْتَاتًا لِّيَرَوْا

৩. إِظْهَارٌ (ইজহার) :

إِظْهَارٌ (ইজহার) অর্থ স্পষ্ট করা।

إِظْهَارٌ (ইজহার) এর হরফ ছয়টি। যথা : ء ـ ه ـ ح ـ خ ـ ع ـ غ নুন সাকিন ও তানভিনের পর এ ছয়টি হরফের কোন একটি হরফ আসলে ঐ নুন সাকিন ও তানভিনকে গুন্নাহ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়। এরূপ স্পষ্ট করে পড়াকে إِظْهَارٌ (ইজহার) বলে। যেমন :

عَذَابٌ أَلِيمٌ	مِنْ أَجَلِ
كُلًّا هَدَيْنَا	مَنْ هُوَ
عَلِيمٌ حَكِيمٌ	مِنْ حَقٍّ
عَلِيمٌ خَبِيرٌ	مِنْ خَيْرٍ
عَذَابٌ عَظِيمٌ	يَنْعِقُ
عَزِيزٌ غَفُورٌ	مِنْ غَيْرِ

৪. إِخْفَاءٌ (ইখফা) :

إِخفاء (ইখ্‌ফা) অর্থ গোপন করা। ইখফার হরফ ১৫ টি।

ت ـ ث ـ ج ـ د ـ ذ ـ ز ـ س ـ ش ـ ص ـ ض ـ ط ـ ظ ـ ف ـ ق ـ ك

নুন সাকিন ও তানভিনের পরে ইখফার ১৫টি হরফের কোন একটি আসলে ঐ নুন সাকিন ও তানভিনকে গুন্নাহসহ গোপন করে পড়তে হয়। যেমন :

عَنْ صَلَاتِهِمْ	اَنْتُمْ
مِنْ ضَرِيْعٍ	اُنْثٰى
يَنْطِقُ	مِنْ جُوْعٍ
يَنْظُرُوْنَ	مِنْ دِيَارِهِمْ
اَنْفُسِكُمْ	نَارًا ذَاتَ
شَيْئٍ قَدِيْرٌ	اُنْزِلَ
رِزْقًا كَرِيْمًا	مِنْ سِجِّيْلٍ
	مِنْ شَرٍّ

অনুশীলনী

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

(ক) নুন সাকিন ও তানভিন কাকে বলে?

(খ) নুন সাকিন ও তানভিন পড়ার নিয়ম কয়টি ও কী কী?

(গ) ইকলাব কাকে বলে? উদাহরণ দাও।

(ঘ) ইদগাম কাকে বলে? ইদগামের হরফ কয়টি ও কী কী?

(ঙ) ইজহার কাকে বলে? ইজহারের হরফ কয়টি ও কী কী?

(চ) ইখফা কাকে বলে? ইখফার হরফ কয়টি ও কী কী?

(ছ) তোমার পাঠ্যপুস্তকের বাহির থেকে ইকলাব, ইদগাম, ইজহার ও ইখফার দু'টি করে উদাহরণ দাও।

২। শূন্যস্থান পূরণ কর :

(ক) নুন সাকিন ও তানভিন পড়ার ... নিয়ম আছে।

(খ) ইদগাম শব্দের অর্থ ... ।

(গ) مَنْ بَخِلَ শব্দটি ... এর উদাহরণ।

(ঘ) ইজহারের হরফ ... টি।

(ঙ) ر এবং ل ... হরফ।

(চ) ইখফার হরফ ... টি।

(ছ) ইদগামের হরফগুলোকে একত্রে বলা হয় ...।

(জ) ... অর্থ স্পষ্ট করে পড়া।

৩। নিচের শব্দগুলো থেকে নুন সাকিন ও তানভিন পড়ার কায়দা চিহ্নিত কর :

لَنْ يَّقْدِرَ ۔ يَتِيْمًا ذَامَقْرَبَةٍ ۔ نَارٌ مُّؤْصَدَةٌ ۔ نَارٌحَامِيَةٌ ۔ فِيْ جَنَّةٍ عَالِيَةٍ ۔
عَيْنٌ جَارِيَةٌ ۔ مِنْ بَيْنِ الصُّلْبِ ۔ مِنْ قُوَّةٍ وَّلَا نَاصِرٍ ۔ مِنْ مَّآءٍ دَافِقٍ ۔
تَحْتِهَا الْاَنْهَارُ ۔ عَزِيْزٌ رَّحِيْمٌ ۔ حَاسِدٍ اِذَاحَسَدَ ۔ ۔ اَلَّذِيْٓ اَطْعَمَهُمْ مِنْ
جُوْعٍ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ۔ كَعَصْفٍ مَّاْكُوْلٍ ۔ طَيْرًا اَبَابِيْلَ ۔ وَمَا لِاَحَدٍ
عِنْدَهٗ مِنْ نِّعْمَةٍ تُجْزٰى ۔ عَامِلَةٌ نَاصِبَةٌ ۔ لَيَالٍ عَشْرٍ ۔

৪ । সঠিক উত্তরটি লেখ :

ক) নুন সাকিন বলা হয় কোন নুনকে? যেরযুক্ত নুনকে / পেশযুক্ত নুনকে/ সুকুনযুক্ত নুনকে

খ) নুন সাকিন ও তানভিন পড়ার নিয়ম কয়টি ? ৩ /৪/ ৫

গ) নিচের কোনটি ইকলাবের হরফ ? ك/ب/م

ঘ) কোনটিতে গুন্নাহ নেই ? ইকলাব /ইদগাম / ইজহার

ঙ) ইজহার অর্থ কী ? লম্বা করা /টেনে পড়া/স্পষ্ট করা

চ) ইখফার হরফ কয়টি ? ৬ / ৯ /১৫

ছ) تَرَا تَلَظّٰى– এখানে তানভিনের কোন নিয়মটি এসেছে ?

ইদগাম / ইজহার / ইখফা।

৪. বাম পাশের অংশের সাথে ডান পাশের অংশ মিলাও :

ইকলাব অর্থ	خ-غ-ح-ع-ه-ء
ইদগাম অর্থ	ইদগামের হরফ
ইজহার অর্থ	স্পষ্ট করা
ইখফা অর্থ	১৫টি
يرملون	পরিবর্তন করা
ইজহারের হরফ	গোপন করা
ইখফার হরফ	মিলানো

৪র্থ পাঠ

মিম সাকিন

শিক্ষক নির্দেশিকা :

শিক্ষক মহোদয় বোর্ড ব্যবহার করে শিক্ষার্থীদেরকে মিম সাকিনের পরিচয় ও প্রকার উদারহণসহ লিখে ভালোভাবে বুঝিয়ে দিবেন এবং বেশি বেশি উদাহরণ দিয়ে কায়দাগুলো আয়ত্ত্ব করিয়ে দিবেন।

সুকুনযুক্ত মিম (مْ) কে মিম সাকিন বলে।

মিম সাকিন পড়ার নিয়ম ৩টি। যথা :

১. إدغام (ইদগাম)

২. إخفاء (ইখফা)

৩. إظهار (ইজহার)

১. إدغام (ইদগাম) এর বিবরণ :

মিম সাকিনের ইদগামের হরফ ১টি। যথা : م

মিম (مْ) সাকিনের পরে আরেকটি (م) মিম আসলে উভয় মিমকে মিলিয়ে গুন্নাহসহ পড়তে হয়। যেমন : عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ۔ وَهُمْ مُّهْتَدُوْنَ

২. إخفاء (ইখফা) এর বিবরণ :

মিম সাকিনের ইখফার হরফ একটি। যথা : ب

মিম (مْ) সাকিনের পরে ب হরফ আসলে গুন্নাহসহ পড়তে হয়। যেমন:

قُمْ بِإِذْنِ اللّٰهِ ۔ وَمَاهُمْ بِمُهْتَدِيْنَ

৩. إظهار (ইজহার) এর বিবরণ :

ب ও م ছাড়া বাকি ২৭টি হরফ মিম সাকিনের ইজহারের হরফ।

মিম সাকিন (مْ) এর পরে ب ও م ছাড়া অন্য কোন হরফ আসলে গুন্নাহ ছাড়া স্পষ্ট করে মিলিয়ে পড়তে হয়। যেমন :

كَيْدَهُمْ فِيْ تَضْلِيْلٍ - لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ - لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ -

فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ

অনুশীলনী

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

(ক) মিম সাকিন কাকে বলে ?

(খ) মিম সাকিন পড়ার নিয়ম কয়টি ও কী কী ?

(গ) মিম সাকিনের ইদগাম কাকে বলে ? এর হরফ কয়টি ও কী কী ?

(ঘ) মিম সাকিনের ইখফা কাকে বলে ? এর হরফ কয়টি ও কী কী ?

(ঙ) মিম সাকিনের ইজহার কাকে বলে ? এর হরফ কয়টি ও কী কী ?

(চ) মিম সাকিনের ইদগাম, ইখফা ও ইজহারের দু'টি করে উদাহরণ দাও।

২। শূন্যস্থান পূরণ কর :

(ক) মিম সাকিন পড়ার ... নিয়ম আছে।

(খ) মিম (مْ) সাকিনের পরে ... হরফ আসলে গুন্নাহসহ মিলিয়ে পড়তে হয়।

(গ) تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ শব্দটি ... এর উদাহরণ।

(ঘ) মিম সাকিনের ইদগামকে ... বলে।

(ঙ) ... ও ... ছাড়া বাকি সবগুলো হরফ মিম সাকিনের ইজহারের হরফ।

৩। নিচের দাগ দেয়া অংশে কোন কায়দা হয়েছে? তা উল্লেখ কর।

عَلَيْهِمْ مَّطَرًا ـ اَلْحَمْدُ لِلّٰهِ ـ اَنْعَمْتَ ـ عَلَيْهِمْ مَّسْجِدًا ـ لَمْ يَلِدْ

وَلَمْ يُوْلَدْ ـ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ

৪। সঠিক উত্তরটি লেখ :

ক) মিম সাকিন বলা হয় কোন মিমকে ?

যেরযুক্ত /পেশযুক্ত /সুকুনযুক্ত

খ) মিম সাকিন পড়ার নিয়ম কয়টি ? ২ / ৩/৪

গ) কোনটি মিম সাকিনের ইদগামের হরফ ? ب/ م/ ك

ঘ) কোনটিতে গুন্নাহ নেই ?

ইখফা/ ইদগাম/ ইজহার

ঙ) মিম সাকিনের ইখফার হরফ কয়টি ? ১ / ২ /৩

চ) وَاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ– এখানে মিম সাকিনের কোন নিয়মটি এসেছে ?

ইকলাব / ইদগাম / ইজহার

৫ম পাঠ

ওয়াজিব গুন্নাহ

শিক্ষক নির্দেশিকা :
শিক্ষক মহোদয় বোর্ডে ওয়াজিব গুন্নাহর উদাহরণ লিখে বারবার উচ্চারণ করে শিক্ষার্থীদের চর্চা করাবেন।

হরকতের পরে নুন বা মিম (نّ - مّ) হরফের উপর তাশদীদ হলে উক্ত নুন ও মিমকে গুন্নাহ করে পড়াকে ওয়াজিব গুন্নাহ বলে।
যেমন :

إِنَّ - لَهُنَّ - فِي النَّارِ - جَنَّةٍ - مِمَّ

অনুশীলনী

১। ওয়াজিব গুন্নাহ কাকে বলে ?
২। ওয়াজিব গুন্নাহর হরফ কয়টি ও কী কী ?
৩। ওয়াজিব গুন্নাহর ২টি উদাহরণ দাও।
৪। নিচের উদাহরণগুলো থেকে ওয়াজিব গুন্নাহ খুঁজে বের কর।

إِنَّ - مِمَّ خَلَقَ - جَهَنَّمُ - لَنْ نُّؤْمِنَ - مِنْ مَّسَدٍ .

নমুনা প্রশ্ন
..... পরীক্ষা
ইবতেদায়ি ৩য় শ্রেণি
বিষয় : কুরআন মাজিদ ও তাজভিদ

পূর্ণমান :১০০ সময় : ২.০০ ঘন্টা

লিখিত :৬০

১। এক কথায় / একবাক্যে উত্তর দাও : ৫× ২ = ১০

ক. কুরআন মাজিদ কার কিতাব ?
খ. কুরআন মাজিদ কোন ভাষায় নাজিল হয়েছে ?
গ. কার মাধ্যমে কুরআন নাজিল হয় ?
ঘ. মক্কি সুরার সংখ্যা কয়টি ?
ঙ. কুরআন মাজিদের সবচেয়ে বড় সুরা কোনটি ?
চ. মিম সাকিন কাকে বলে ?
ছ) ইকলাব কাকে বলে ?

২। হরকতসহ মুখস্থ লেখ :(যে কোনো ১টি) ১× ১০ = ১০

ক) সুরাতুল মাউনের প্রথম তিন আয়াত
খ) সুরাতুল কাওছার

৩। হরকত ছাড়া মুখস্থ লেখ :(যে কোনো ১টি) ১× ১০ = ১০

ক) সুরাতুন নাসর
খ) সুরাতুল ইখলাস

৪। শূন্যস্থান পূরণ কর : (যে কোনো ৫টি) ৫× ২ = ১০

ক) اِيَّاكَ _____ وَاِيَّاكَ _____ .
খ) وَمِنْ شَرِّ _____ اِذَا وَقَبَ .
গ) _____ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْل .
ঘ) اَلَّذِىْ _____ مِنْ جُوْعٍ .
ঙ) وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ _____ .
চ) اِنَّ _____ هُوَ الْاَبْتَرُ .
ছ) وَلَآ اَنْتُمْ _____ مَآ اَعْبُدُ .

৫। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ২× ৫ = ১০

ক. মাখরাজ কাকে বলে? তা কয়টি যেকোন চারটি মাখরাজ লিখ।
খ. মাদ্দে মুত্তাসিল ও মুনফাসিলের সংজ্ঞা উদাহরণসহ লেখ।
গ. মিম সাকিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।

৬। নিচের শব্দগুলো থেকে দাগ দেয়া অংশের তাজভিদের কায়দা বর্ণনা কর :(যে কোন ৫টি) ৫×২ = ১০

عذاب اليم - ينفقون - سميع بصير - امْ مّنْ خَلق . يرجعون . فرعون

মৌখিক : ৪০

১। দেখে দেখে পড় : ১০

هَلْ اَتٰكَ حَدِيْثُ الْغَاشِيَةِ [ط] ﴿١﴾ وُجُوْهٌ يَّوْمَئِذٍ خَاشِعَةٌ [ى] ﴿٢﴾ عَامِلَةٌ نَّاصِبَةٌ [ى] ﴿٣﴾ تَصْلٰى نَارًا حَامِيَةً [ى] ﴿٤﴾ تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ [ط] ﴿٥﴾ لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا مِنْ ضَرِيْعٍ [ى] ﴿٦﴾

২। সুরাতুল কারিয়া মুখস্থ বল। ১০

৩। ج ,س ,ض এর মাখরাজ বল। ১০

৪। এক কথায় উত্তর দাও : ৫×২ = ১০

ক. কুরআন মাজিদের প্রথম সুরার নাম কি ?
খ) মাখরাজ মোট কয়টি ?
গ) কোন ফেরেশতার মাধ্যমে কুরআন নাজিল করা হয়েছে ?
ঘ) সুরাতুত তাকাছুর কোথায় নাজিল হয়েছে ?
ঙ) সুরা নাসর কোথায় নাজিল করা হয়েছে ?

শিক্ষক নির্দেশিকা

আল্লাহ তাআলা কুরআন মাজিদে মানব জীবনের সকল বিষয়ের নির্দেশনা প্রদান করেছেন। এ মহাগ্রন্থে যেমনিভাবে মানব জীবনের আত্মিক বিষয়ের বর্ণনা দেওয়া হয়েছে, তেমনিভাবে মানুষের পার্থিব কর্মকাণ্ডের স্পষ্ট বিধানাবলির বিবরণও দেওয়া হয়েছে। কুরআন মাজিদের এসব বিষয়াবলি জানার জন্য কুরআন মাজিদ অধ্যয়ন করা অত্যাবশ্যক। এ উদ্দেশ্যেই মাদ্রাসা শিক্ষার সর্বস্তরের শিক্ষার্থীদের জন্য কুরআন মাজিদকে শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে।

কুরআন মাজিদ শিক্ষাদান পদ্ধতিতে এ পর্যন্ত গতানুগতিক ধারা অনুসৃত হয়ে আসছে। কিন্তু মানব জীবন গতিশীল এবং তার কর্মকাণ্ডের ধারাও পরিবর্তনশীল হওয়া, শিক্ষাদান ব্যবস্থায়ও বিশ্বব্যাপী আমূল পরিবর্তন সূচিত হয়েছে। সেজন্য বিশ্বব্যাপী আর্থ-সামাজিক অবস্থার বিশেষ পরিবর্তন, নৈতিক শিক্ষার প্রয়োজন এবং জাতীয় ঐতিহ্যের প্রেক্ষিতে সরকার কর্তৃক জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুমোদিত হয়েছে। এ শিক্ষানীতির আলোকে কুরআন মাজিদ শিক্ষাকে বাস্তবমুখী, জীবনঘনিষ্ঠ, ফলপ্রসু এবং শিক্ষার্থীদেরকে আধুনিক মনস্ক, কর্তব্যপরায়ণ, দক্ষকর্মী, মূল্যবোধসম্পন্ন সৎ ও যোগ্য সুনাগরিক করে গড়ে তোলার উদ্দেশ্যে এই পাঠ্য পুস্তকটি প্রণয়ন করা হয়েছে।

ইবতেদায়ি তৃতীয় শ্রেণির উপযোগী করে এ পুস্তকটিতে কারিকুলামের নির্দেশনা অনুযায়ী কুরআন মাজিদপঠন পদ্ধতি শিক্ষার জন্য হরফ পরিচিতি, হরকত, তানভিন, সুকুন ও তাশদিদের পরিচয় ও ব্যবহার ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়েছে। সাথে মুখস্থ করার জন্য কয়েকটি সুরা দেয়া হয়েছে। পাঠ/অধ্যায় শেষে অনুশীলনী সংযোজন করা হয়েছে। পুস্তকটির শেষ ভাগে শ্রেণি উপযোগী তাজভিদ অংশ সংযোজন করা হয়েছে।

পাঠদান প্রক্রিয়া, শিক্ষার্থীদেরকে পাঠ আয়ত্ত করানো এবং পাঠের প্রতি আগ্রহ সৃষ্টি করা শিক্ষকের নিজস্ব কৌশল প্রয়োগের উপর বহুলাংশে নির্ভরশীল। তা সত্ত্বেও সম্মানিত শিক্ষকের দৃষ্টি আকর্ষণের জন্য নিচে কিছু পরামর্শ প্রদান করা হলো:

১। কুরআন মাজিদ আল্লাহর কালাম বিধায় তা সর্বদা অজুর সাথে তেলাওয়াত করা হচ্ছে কি না তা তদারকি করা জরুরি।

২।পুস্তকটির পাঠ আরম্ভ করার সময় ১/২টি ক্লাস কুরআনের মাহাত্ম্য, মর্যাদা ও গুরুত্ব উপস্থাপন করা প্রয়োজন। যাতে শিক্ষার্থীদের মনে গ্রন্থটি অধ্যয়নের আগ্রহ সৃষ্টি হয়।

৩। প্রতিটি অধ্যায় বা পাঠের প্রথমে যে শিক্ষক নির্দেশিকা রয়েছে তা অনুসরণ করা কর্তব্য।

৪। প্রতিটি পাঠ শুরু করার পূর্বে পাঠের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করতে হবে।

৫। শিক্ষার্থীদেরকে সুরাগুলো শিক্ষাদানের সময় সহিহ উচ্চারণের উপর গুরুত্বারোপ করতে হবে। তাজভিদের নিয়মগুলো বোর্ডে লিখে শিখাতে হবে।

৬। বিভিন্ন সাময়িক পরীক্ষা ছাড়াও পাক্ষিক ও মাসিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে পাঠ মূল্যায়নের ব্যবস্থা করা যেতে পারে।

৭। পরিশেষে, শিক্ষক মহোদয়কে বলছি, একজন কর্তব্যপরায়ণ শিক্ষকের নিজস্ব উদ্ভাবিত কৌশলের কোন বিকল্প নেই। কাজেই একজন নিষ্ঠাবান শিক্ষকই তার শিক্ষার্থীকে জ্ঞানার্জনে যোগ্য করে গড়ে তুলতে পারেন।

সমাপ্ত

২০১৯ শিক্ষাবর্ষের জন্য, ৩য়-কুরআন

শিক্ষা মন্ত্রণালয়

যাঁরা সৎপথে জীবিকা অর্জন করে
তাঁরা আল্লাহর প্রিয়জন

-আল হাদিস

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে
১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য